

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উৎসবমুখর পরিবেশে সরস্বতী পূজা উদযাপিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) উৎসবমুখর পরিবেশে সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব শ্রী শ্রী সরস্বতী পূজা উদযাপিত হয়েছে।

পূজা উদযাপন কমিটির আয়োজনে রবিবার (১০ ফেব্রুয়ারি) সকাল ৯টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পূজার আনুষ্ঠানিকতা শুরু হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের মুক্ত মঞ্চ প্রাঙ্গণে পূজা উপলক্ষে নির্মিত অস্থায়ী মণ্ডপে দেবীর উদ্দেশ্যে পুষ্পাঞ্জলি অর্পণ করা হয়। এতে বিশ্ববিদ্যালয়ের সনাতন ধর্মাবলম্বী শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। পূজা শেষে দুপুর সাড়ে ১২টায় ভক্তদের প্রসাদ বিতরণ করা হয়। পরে বিকেল ৪টায় পূজা উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।



মুক্ত মঞ্চে নির্মিত অস্থায়ী মণ্ডপ (ছবি : সংগৃহীত)

এ বিষয়ে জানতে চাইলে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী রিপন কুমার ঘোষ দৈনিক অধিকারকে বলেন, 'প্রত্যেকবারের মত এবারও আমাদের ক্যাম্পাসে সকল সনাতন শিক্ষার্থীদের উদ্যোগে শ্রী শ্রী সরস্বতী দেবীর আরাধনা আমরা সম্পন্ন করতে পেরেছি। উক্ত বাণী অর্চনা অনুষ্ঠানে শিক্ষার্থীদের পাশাপাশি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সম্মিলিত অবদান ছিল। সর্বোপরি প্রার্থনা এই যে, বিদ্যাদাত্রী দেবী শ্রী শ্রী সরস্বতী মায়ের আশীর্বাদ সকলের ওপর বর্ষিত হোক।'



প্রার্থনায় নিমগ্ন শিক্ষার্থীরা (ছবি : সংগৃহীত)